বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

**১. <u>নীতিমালার নাম:</u> “স্পারসো রিসার্চ ফেলোশিপ নীতিমালা”**

**২. <u>সংজ্ঞা:</u>**

২.১ “ফেলোশিপ” বলতে “স্পারসো রিসার্চ ফেলোশিপ” বুঝাবে।

২.২ “রিসার্চ ফেলো” বলতে স্পারসো কর্তৃক গৃহীত গবেষণা বা প্রকল্পের জন্য মনোনীত রিসার্চ এসোসিয়েট ও জুনিয়র রিসার্চ ফেলো বুঝাবে।

২.৩ “বোর্ড” বলতে স্পারসো পরিচালনা বোর্ড বুঝাবে।

২.৪ “চেয়ারম্যান” বলতে স্পারসো-র চেয়ারম্যানকে বুঝাবে।

২.৫ “ফেলোশিপ অথরিটি/কর্তৃপক্ষ” বলতে চেয়ারম্যান বা তদকর্তৃক নিয়োজিত অন্য কোন কর্মকর্তা বা কর্মকর্তাগণ-কে বুঝাবে।

২.৬ “প্রকল্প” বলতে গবেষণা প্রকল্প বা স্পারসো কর্তৃক গৃহীত/প্রস্তাবিত/অনুমোদিত যে কোন প্রকল্প বুঝাবে।

২.৭ “সুপারভাইজার” বলতে স্পারসো কর্তৃক নিযুক্ত সংশ্লিষ্ট গবেষণা তত্ত্বাবধানের উদ্দেশ্যে নিয়োজিত কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গকে বুঝাবে।

**৩. <u>ফেলোশিপ এর উদ্দেশ্য:</u>**

৩.১ বাংলাদেশের গবেষণা ও উন্নয়ন (R&D) খাতকে সমৃদ্ধ করা।

৩.২ মহাকাশ বিজ্ঞান, দূর অনুধাবন, যুগোপযোগী জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণা এবং বিকাশে দক্ষ মানব সম্পদ গড়ে তোলা।

11.01.22
মুহাম্মদ শরীফ
সহকারী প্রকৌশলী
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
প্রতিরক্ষা মন্ত্রণালয়

১১.০১.22
নাসরিন সুলতানা
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
... মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
প্রতিরক্ষা মন্ত্রণালয়

১১.১.2022
মোঃ নূর হোছাইন শরীফি
চীফ সায়েন্টিফিক অফিসার
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও
দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
প্রতিরক্ষা মন্ত্রণালয়

১১/০১/2022
মোহাম্মদ সানাউল্ল হক
অর্থনৈতিক উপদেষ্টা (উপসচিব)
ও আয়ন ব্যয়ন কর্মকর্তা
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও
দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
আগারগাঁও, ঢাকা

১১.১.2022
মোঃ মাহমুদ আলী
সদস্য (যুগ্মসচিব)
মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠা
প্রতিরক্ষা মন্ত্রণালয়

৩.৩ গবেষকদের মেধা-মনন কাজে লাগিয়ে গবেষণালব্ধ ফলাফল বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নে এবং জনহিতকর কাজে প্রয়োগ করা।

৩.৪ শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরতদের মাঝে উন্নতমানের গবেষণা ও উচ্চশিক্ষার আগ্রহ জাগিয়ে তোলা।

৩.৫ উচ্চশিক্ষার ক্ষেত্রে গবেষণাকর্মে গুরুত্বপূর্ণ অবদান রাখা।

৩.৬ স্পারসো-কে বিশ্বের অন্যতম উচ্চতর গবেষণা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা।

৩.৭ মহাকাশ বিজ্ঞান ও দূর অনুধাবন প্রযুক্তি বিকাশে ব্যক্তি বা প্রাতিষ্ঠানিক পর্যায়ে কার্যকর ও অংশীদারিত্বমূলক সংযোগ স্থাপন করা।

**৪. ফেলোশিপ এর ক্যাটাগরি:**

এই ফেলোশিপটি ২ টি ক্যাটাগরিতে বিভক্ত-

৪.১ জুনিয়র রিসার্চ ফেলো

৪.২ রিসার্চ এসোসিয়েট

**৫. ফেলোশিপ এর সংখ্যা:**

প্রতি অর্থবছরে নিম্নবর্ণিত সংখ্যক ফেলোশিপ প্রদান করা হবে-

৫.১ জুনিয়র রিসার্চ ফেলোশিপ: সর্বোচ্চ ২০ টি

৫.২ রিসার্চ এসোসিয়েটশিপ: সর্বোচ্চ ১০ টি

৫.৩ প্রয়োজনে কর্তৃপক্ষ ফেলোশিপ এর সংখ্যা হ্রাস-বৃদ্ধি করতে পারবে।

**৬. ফেলোশিপ এর বিষয় বা ক্ষেত্রসমূহ:**

৬.১. গবেষণা/প্রকল্পের বিষয় বা ক্ষেত্রসমূহ হবে মহাকাশ বিজ্ঞান ও প্রযুক্তির সাথে সম্পর্কিত।

৬.২. গবেষণা/প্রকল্পের বিষয় বা ক্ষেত্রসমূহ স্পারসো কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে। তবে প্রার্থী নিজেও বিষয় প্রস্তাব করতে পারবেন।

৬.৩ তাত্ত্বিক বিষয়সমূহ: জ্যোতির্বিজ্ঞান, আবহাওয়া, সমুদ্রবিজ্ঞান, গণিত, পরিসংখ্যান, মহাকাশ পদার্থবিজ্ঞান, পদার্থবিদ্যা, রসায়ন, মহাকাশ প্রত্নতত্ত্ব, ভূতত্ত্ব, জলবায়ু পরিবর্তন, দুর্যোগ ব্যবস্থাপনা, কৃষি, মহাকাশ জীববিজ্ঞান, মৎস্য, বন, মহাকাশ আইন, মহাকাশ অর্থনীতি, স্পেস এক্সপ্লোরেশন এবং স্পারসোর কার্যক্রমের সাথে সঙ্গতিপূর্ণ অন্য যে কোন বিষয়।

11.01.22
মুহাম্মদ শরীফ
সহকারী প্রকৌশলী
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
প্রতিরক্ষা মন্ত্রণালয়

11.01.22
নাসরিন সুলতানা
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান
প্রতিরক্ষা মন্ত্রণালয়

11.1.22
মোঃ নূর হোছাইন শরীফি
চীফ সায়েন্টিফিক অফিসার
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
প্রতিরক্ষা মন্ত্রণালয়

১১/০১/২০২২
মোহাম্মদ সানাউল হক
অর্থনৈতিক উপদেষ্টা (উপসচিব)
ও আয়ন ব্যয়ন কর্মকর্তা
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
আগারগাঁও, ঢাকা

11.1.2022
মোঃ মাহমুদ আলী
সদস্য (যুগ্মসচিব)
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
প্রতিরক্ষা মন্ত্রণালয়

৬.৪ <u>ফলিত/প্রকৌশল বিষয়সমূহ:</u> ইলেকট্রিক্যাল/ইলেক্ট্রনিক/কমিউনিকেশন/টেলিকমিউনিকেশন, ইনফরমেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, ডাটা সায়েন্স, বিগ ডাটা এনালাইসিস, মেকানিক্যাল, ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন, রোবোটিক্স, মেকাট্রনিক্স, বায়ো-মেডিক্যাল, সিভিল, নগর ও অঞ্চল পরিকল্পনা, ম্যাটেরিয়ালস এন্ড মেটালারজিক্যাল, কেমিক্যাল, কৃষি প্রযুক্তি, ফলিত পদার্থবিজ্ঞান, ফলিত রসায়ন, ফলিত গণিত, নিউক্লিয়ার, এরোস্পেস, এরোনটিক্স, পানি সম্পদ, রিমোট সেন্সিং ও জিআইএস, স্যাটেলাইট প্রযুক্তি এবং স্পারসোর কার্যক্রমের সাথে সঙ্গতিপূর্ণ অন্য যে কোন বিষয়।

৬.৫ কর্তৃপক্ষ প্রয়োজন অনুসারে বিষয়সমূহ পরিবর্তন করতে পারবেন।

**৭. <u>ফেলোশিপ এর সময়সীমা/মেয়াদ:</u>**

৭.১ উভয় প্রকার ফেলোশিপ ৩-১২ মাস সময়ের জন্য প্রযোজ্য হবে। প্রকল্পের ধরণ এবং প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী সময়কাল হ্রাস-বৃদ্ধি করা যেতে পারে।

৭.২ ফেলোশিপের প্রকৃত সময়কাল গবেষণার ধরণ অনুযায়ী ফেলোশিপ কর্তৃপক্ষ নির্ধারণ করবে।

**৮. <u>ফেলোশিপ এর অগ্রগতি:</u>**

৮.১ সংশ্লিষ্ট সুপারভাইজার এবং কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত একজন কর্মকর্তা অগ্রগতি তদারকি করবেন।

৮.২ প্রতি মাসে বা নির্ধারিত সময়ে রিসার্চ ফেলো সুপারভাইজারের মন্তব্যসহ অগ্রগতি প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন। প্রকল্প সম্পন্ন করার পর একটি চূড়ান্ত প্রতিবেদন দাখিল করতে হবে।

**৯. <u>ফেলো বাছাই পদ্ধতি:</u>**

৯.১ ফেলোশিপ কর্তৃপক্ষ ফেলো নির্বাচনের জন্য সময়ে সময়ে আবেদন আহ্বান করবেন।

৯.২ আবেদনকারীদের মধ্য হতে যোগ্য ফেলো বাছাইয়ের জন্য চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত এক বা একাধিক বাছাই কমিটি থাকবে।

৯.৩ ফেলো নির্বাচনের ক্ষেত্রে বাছাই কমিটি নির্ধারিত যোগ্যতার পাশাপাশি নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করবে-

- বাংলা ও ইংরেজিতে মৌখিক ও লেখার দক্ষতা
- দলগতভাবে কাজ করার সক্ষমতা
- যোগাযোগ দক্ষতা

11.01.22
মুহাম্মদ শরীফ
সহকারী প্রকৌশলী
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
প্রতিরক্ষা মন্ত্রণালয়

১১.০১.22
নাসরিন সুলতানা
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান
প্রতিরক্ষা মন্ত্রণালয়

১১.১.২২
মোঃ নূর হোছাইন শরীফি
চীফ সায়েন্টিফিক অফিসার
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
প্রতিরক্ষা মন্ত্রণালয়

১১/০১/২০২২
মোহাম্মদ সামাউল হক
অর্থনৈতিক উপদেষ্টা (উপসচিব)
ও আয়ন ব্যয়ন কর্মকর্তা
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
আগারগাঁও, ঢাকা

১১.১.২০২২
মোঃ মাহমুদ আলী
সদস্য (যুগ্মসচিব)
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
প্রতিরক্ষা মন্ত্রণালয়

- বিশ্লেষণী দক্ষতা

৯.৪ বাছাই কমিটির সুপারিশক্রমে বোর্ড কর্তৃক অনুমোদিত প্রার্থীগণ ফেলোশিপ প্রাপ্ত হবেন।

**১০. <u>ফেলোশিপ স্থগিত/বাতিল:</u>**

নিম্নবর্ণিত কারণে ফেলোশিপ স্থগিত/বাতিল হতে পারে-

১০.১ অসদাচরণ

১০.২ গবেষণাকর্মের অসন্তোষজনক অগ্রগতি

১০.৩ ফেলো পরবর্তী সময়ে অযোগ্য বিবেচিত হলে

১০.৪ গবেষণা ফান্ডের অপ্রতুলতা

১০.৫ যে কোন পরিস্থিতিতে কর্তৃপক্ষ ফেলোশিপ স্থগিত/বাতিলের পূর্ণ অধিকার সংরক্ষণ করে।

**১১. <u>ফেলোশিপের ধরণ:</u>** চুক্তিভিত্তিক।

**১২. <u>কর্মস্থল:</u>** কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বাংলাদেশের যে কোন স্থান।

**১৩. <u>সম্মানী:</u>**

১৩.১ সকল নির্বাচিত ফেলো প্রতি মাসে নির্ধারিত হারে সম্মানী প্রাপ্য হবেন। ফেলোর যোগ্যতা, দক্ষতা, বাজেট ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ের উপর নির্ভর করে বোর্ড সম্মানীর প্রকৃত পরিমাণ নির্ধারণ করবে।

১৩.২ মাসিক সম্মানীর পরিমাণ হবে-

ক) <u>জুনিয়র রিসার্চ ফেলো:</u> সর্বনিম্ন ১৮,০০০/- (আঠার হাজার) থেকে সর্বোচ্চ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।

খ) <u>রিসার্চ এসোসিয়েট:</u> সর্বনিম্ন ৩০,০০০/- (ত্রিশ হাজার) থেকে সর্বোচ্চ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা।

**১৪. <u>আনুষঙ্গিক সুবাধাদি:</u>**

১৪.১ গবেষণা বা প্রকল্পের কাজের জন্য ল্যাবরেটরি সুবিধা, বিদ্যুৎ সুবিধা, ইন্টারনেট ইত্যাদি প্রদান করা হবে।

১৪.২ প্রাপ্যতা সাপেক্ষে ডেস্কটপ কম্পিউটার ও অন্যান্য আইসিটি সুবিধাদি প্রদান করা হবে।

11.01.22
মুহাম্মদ শরীফ
সহকারী প্রকৌশলী
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
প্রতিরক্ষা মন্ত্রণালয়

১১.০১.22
নাসরিন সুলতানা
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান
প্রতিরক্ষা মন্ত্রণালয়

১১.১.২২
মো: নূর হোছাইন শরীফি
চীফ সায়েন্টিফিক অফিসার
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও
দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
প্রতিরক্ষা মন্ত্রণালয়

১১/০১/২০২২
মোহাম্মদ সানাউল হক
অর্থনৈতিক উপদেষ্টা (উপসচিব)
ও আয়ন ব্যয়ন কর্মকর্তা
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও
দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
আগারগাঁও, ঢাকা

১১.১.২০২২
মোঃ মাহমুদ আলী
সদস্য (যুগ্মসচিব)
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
প্রতিরক্ষা মন্ত্রণালয়

**১৫. আবেদনকারীর যোগ্যতা:**

**ক) জুনিয়র রিসার্চ ফেলো**

১. আবেদনকারীর ন্যূনতম বয়স: ১৮ বছর।

২. আবেদনকারীকে কোন স্বীকৃত দেশীয়/আন্তর্জাতিক প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম স্নাতক পর্যায়ে অধ্যয়নরত হতে হবে।

৩. গবেষণাকর্মের সাথে সঙ্গতিপূর্ণ বিষয়ে প্রাথমিক ধারণা থাকতে হবে।

৪. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে যোগ্য হতে হবে।

৫. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত ডকুমেন্টসমূহ জমা দিতে হবে-

- ছবিসহ জীবন বৃত্তান্ত (বায়ো ডাটা)
- প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক সনদ
- স্নাতক অধ্যয়নরত শিক্ষার্থীদের ক্ষেত্রে ছাত্রত্ব সনদ
- অভিজ্ঞতা সনদ (যদি থাকে)
- গবেষণা/প্রকল্প সম্পর্কিত বিবৃতি (সর্বোচ্চ ৮০০ শব্দ)

**খ) রিসার্চ এসোসিয়েট**

১. আবেদনকারীর ন্যূনতম বয়স: ২৪ বছর (পুরুষ), ২৩ বছর (নারী)।

২. আবেদনকারীকে কোন স্বীকৃত দেশীয়/আন্তর্জাতিক প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক ডিগ্রিধারী হতে হবে।

৩. ফেলোশিপের জন্য আবেদনকৃত বিষয়ে সুস্পষ্ট ধারণা থাকতে হবে।

৪. গবেষণা কর্মে কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

৫. কমপক্ষে একটি মানসম্মত থিসিস পেপার/ কনফারেন্স পেপার/ রিসার্চ পেপার/ গবেষণা কর্ম থাকতে হবে।

৬. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত ডকুমেন্টসমূহ জমা দিতে হবে-

- ছবিসহ জীবন বৃত্তান্ত (বায়ো ডাটা)
- প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক সনদ
- অভিজ্ঞতা সনদ

11.01.22
মুহাম্মদ শরীফ
সহকারী প্রকৌশলী
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
প্রতিরক্ষা মন্ত্রণালয়

১১.০১.22
নাসরিন সুলতানা
ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
প্রতিরক্ষা মন্ত্রণালয়

১১.১.২২
মো: নূর হোছাইন শরীফি
চীফ সায়েন্টিফিক অফিসার
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
প্রতিরক্ষা মন্ত্রণালয়

১১/০১/২০২২
মোহাম্মদ সামাউল হক
অর্থনৈতিক উপদেষ্টা (উপসচিব)
ও আয়ন ব্যয়ন কর্মকর্তা
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
আগারগাঁও, ঢাকা

১১.১.২০২২
মোঃ মাহমুদ আলী
সদস্য (যুগ্মসচিব)
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
প্রতিরক্ষা মন্ত্রণালয়

- থিসিস পেপার/ কনফারেন্স পেপার/ রিসার্চ পেপার/ গবেষণা কর্মের অনুলিপি
- গবেষণা/প্রকল্প সম্পর্কিত বিবৃতি (সর্বোচ্চ ১০০০ শব্দ)

**১৬. <u>অস্পষ্টতা:</u>**

এই নীতিমালার কোন বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত পরিগণিত হবে।

**১৭.** এই নীতিমালার পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/সংযোজন/বিয়োজন করার ক্ষমতা স্পারসো-র বোর্ড সংরক্ষণ করে।

11.01.22
মুহাম্মদ শরীফ
সহকারী প্রকৌশলী
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
প্রতিরক্ষা মন্ত্রণালয়

১১.০১.22
নাসরিন সুলতানা
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান
প্রতিরক্ষা মন্ত্রণালয়

১১.১.২০২২
মো: নূর হোছাইন শরীফি
চীফ সায়েন্টিফিক অফিসার
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও
দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
প্রতিরক্ষা মন্ত্রণালয়

১১/০১/২০২২
মোহাম্মদ সানাউল হক
অর্থনৈতিক উপদেষ্টা (উপসচিব)
ও আয়ন ব্যয়ন কর্মকর্তা
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও
দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
আগারগাঁও, ঢাকা

১১.০১.২০২২
মোঃ মাহমুদ আলী
সদস্য (যুগ্মসচিব)
বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
প্রতিরক্ষা মন্ত্রণালয়